68220000000332 (Working Capital Term Loan GECL) 68200000002247 (Overdraft)	1. M/s Rajesh Stores (Borrower) 6, Darmahatta 1st Lane Ground Floor, Dist. Kolkata, Jorabagan, Kolkata, West Bengal 700006 2. Mr. Rajesh Kumar Shaw (Proprietor, Guarantor & Mortgagor) S/O Bhola Nath Shaw 10 Ahiritola Street, Hatkhola SO Dist. Kolkata, Near Ahiritola More Ahiritola, West Bengal 700005 3. Mrs. Rita Shaw (Guarantor & Mortgagor) W/O Rajesh Shaw, 10 Ahiritola Street, Hatkhola Dist Kolkata, Near Ahiritola More Ahiritola, West Bengal 700005	Rs.43,52,632.04 as on August 31, 2023	September 4, 2023	May 1, 2023	**Detail of the movable asset** Exclusive charge by way of hypothecation of entire current assets of the company including stock and such other movables including book debt, bills, whether documentary or clean, both present and future. **Description of immovable properties** All that peace and parcel of Flat being no. 2D, on the 2nd floor, measuring about 735 sq.ft. more or less of the building namely "Prime Apartment" (Hereinafter referred to as the said property) lying and situated at Mouza-Patipukur, J.L. No. 24, R.S. No. 3, C.S. Dag No. 5, Khatian No. 256, Premises No. 176A, Calcutta Jessore Road, P.S.-Lake Town, Holding No. 205, Circle No.-VIII, Ward No.-30, within the jurisdiction of South Dum Dum Municipality, Kolkata 700089, District North 24 Parganas, ADSR-Bidhannagar, DSR-Barasat, along with undivided proportionate impartiable share of land measuring about 07 kh 01 chi 12 sq.ft. more or less. Boundaries as actual: On or towards the North by: Jessore Road On or towards the South by: Common Passage On or towards the East by: Plot No. 3 On or towards the West by: Premises No. 176B and 20 ft. wide road and gifted land together with (i) all present and future, buildings, structures of every description which are standing, erected or attached to the aforesaid premises or any part thereof and all rights to use common areas and facilities and incidental thereto, together with all present and future liberties, privileges, easements and appurtenances whatsoever to the said premises or any part thereof or usually held, occupied or enjoyed therewith or expected to belong or be appurtenant thereto; and (ii) all plant and machinery attached to the earth or permanently fastened to anything attached to the earth, and such movable parts as they may comprise of

*with further interest, additional interest at the rate as more particularly stated in respective demand notice dated mentioned above, incidental expenses, costs, charges etc. incurred till the date of payment and/or realisation. If the said Obligor(s) shall fail to make payment to Bandhan Bank Limited as aforesaid, then Bandhan Bank Limited shall proceed against the above Secured Asset(s)/Immovable Property under Section 13(4) of the said Act and the applicable Rules entirely at the risk of the said Obligor(s)/Legal Heir(s)/Legal Representative(s) as to the costs and consequences.

The said Obligor(s)/Legal Heir(s)/Legal Representative(s) are prohibited under the said Act to transfer the aforesaid Secured Asset(s)/Immovable Property, whether by way of sale, lease or otherwise without the prior written consent of Bandhan Bank Limited. Any person who contravenes or abets contravention of the provisions of the Act or Rules made thereunder shall be liable for imprisonment and/or penalty as provided under the Act.

Date: December 3, 2023
Place: Kolkata

For Bandhan Bank Limited
Sd/-
Authorised Officer

পশ্চিমবঙ্গ কলা উৎসব ২০২৩ একক নাটক বিভাগে রাজ্যে প্রথম স্থান অর্জনকারী হাওড়া বিবেকানন্দ ইনস্টিটিউশনের দ্বাদশ শ্রেণীর ছাত্র সৌমাদিত্য পাল কে জাতীয়স্তরের জন্য শুভেচ্ছা জানালেন খাদ্য প্রক্রিয়াকরণ ও উদ্যান পালন দপ্তরের ভারপ্রাপ্ত মন্ত্রী অরূপ রায়।

প্রতিবাদ সভায় তৃণমূল নেতার মন্তব্যে চাপানউতোর বর্ধমানেঃ আদালতে যাবার হুঁশিয়ারি বিজেপির

দুরন্ত বার্তা, বর্ধমান, ২ ডিসেম্বর ঃ জাতীয় সঙ্গীত অবমাননা, ডঃ বি.আর. আম্বেদকরের অবমাননা এবং আদিবাসীদের অপবিত্র বলার অভিযোগ তুলে বিজেপি নেতাদের বিরুদ্ধে বর্ধমান এক প্রতিবাদ সভায় কুকথা বলার অভিযোগ উঠল তৃণমূলের বিরুদ্ধে। শনিবার পূর্ব বর্ধমান জেলা তৃণমূল কংগ্রেসের পক্ষ থেকে বর্ধমানের কার্জন গেট চত্বরে আয়োজিত ওই প্রতিবাদ কর্মসূচিতে সভা থেকে বিজেপি নেতাদের বিরুদ্ধে কুকথা বলতে শোনা যায় জেলা তৃণমলের নেতা দেবু টুডু সহ অন্যান্য তৃণমূল নেতৃত্বদের। এদিনের মঞ্চ থেকে বিজেপি দলকে বদ্ধ-উন্মাদ ও নেতাদের পশুর সঙ্গে তুলনা করেন তৃণমূল নেতা দেবু টুডু। তিনি বলেন, বাবাসাহেব আম্বেদকরের মূর্তির পাদদেশ গঙ্গাজল ঢেলে পবিত্র করা হয়েছে কারণ তৃণমূল নেত্রী তথা বিধায়িকা বিরবাহা হাঁসদা, সন্ধ্যারানী টুডু সহ অন্যান্য আদিবাসী নেতৃত্ব মূর্তির পাদদেশে বসেছিল। তারা আদিবাসী সম্প্রদায়ের বলেই গঙ্গাজল ঢেলেছে বিজেপির অসভ্য পশু গুলো। আদিবাসীরা কি অচ্ছুত? বলে প্রশ্ন তোলেন তিনি। এদিন তিনি বিরোধী দলনেতা কে হুঁশিয়ার দিয়ে বলেন, সারা রাজ্যের যেখানে তিনি যাবেন আদিবাসী তাকে ছুঁয়ে তাকে অপবিত্র করবে। সেই সঙ্গে তৃণমূল সাংসদ সুনিল মন্ডল বিজেপি নেতাদের গ্রামে ঢুকতে না দেওয়ার বিধান দেন এইদিনের বিক্ষোভ মঞ্চ থেকে। তিনি বলেন, বিজেপি নেতারা গ্রামে ঢুকলে আগে কেন্দ্র সরকারের আটকে রাখা টাকা গুলো আগে চেয়ে নিন, তারপর গ্রামে ঢুকতে দেবেন। এর প্রতিক্রিয়া দিতে গিয়ে জেলা বিজেপির যুবমোর্চার সাধারণ সম্পাদক দেবজ্যোতি সিংহ রায় পাল্টা বলেন, কেন্দ্র সরকার আদিবাসী, দলিত সকল সম্প্রদায়কে নিয়ে একসাথে চলে। বিজেপি নেতা শুভেন্দু অধিকারী ও অন্যান্য নেতৃত্বের বিরুদ্ধে কুরুচিপূর্ণ কথা বলেছে জেলা তৃণমূল নেতৃত্ব। এর বিরুদ্ধে আমরা আদালতের শরণাপন্ন হবো বলে হুঁশিয়ারি দেন তিনি। দেবজ্যোতিবাবু আরও বলেন, গঙ্গাজল ঢেলে পরিস্কার করার সংস্কৃতি তো তৃণমূলের। এর আগে বহুবার তারা এই কাজ করেছে। এখন বিজেপি পাল্টা এটা করলে তাদের গায়ে লাগছে কেন? আর আদিবাসী সম্প্রদায়ের নেতা মন্ত্রী বসেছিল বলে গঙ্গাজল ঢালা হয় নি। যারা জনগনের টাকা চুরি করেছে, রাজ্যকে দুর্নীতির আখরা বানিয়ে তুলেছে সেই তৃণমূল দলটা বসেছিল বলে শুদ্ধিকরণ করা হয়েছিল। এদিন কেন্দ্রীয় বঞ্চনার কথার পরিপক্ষিতে বিজেপি যুব মোর্চার সাধারণ সম্পাদক বলেন, সব প্রকল্পের টাকাই তো লুঠ করেছে তৃণমূল। কেন্দ্রীয় প্রকল্পের সব হিসাব কেন দিচ্ছে না রাজ্য সরকার। এটা তো সরকারি নিয়মের মধ্যে পরে। তা না করে সাধারণ মানুষ কে ভুল বুঝিয়ে কেন্দ্রীয় সরকার ও বিজেপি দলের বিরুদ্ধে তাদের ক্ষেপিয়ে তুলছে। মানুষ কিন্তু সব জানে। এর প্রতিফলন দেখা যাবে আগামি লোকসভায় বলে এদিন পাল্টা অভিযোগ করেন তিনি। প্রসঙ্গত, বিধানসভার কলসিতে করে গঙ্গাজল দিয়ে ধুইয়ে দেওয়া হয় আম্বেদকরের মূর্তির পাদদেশ। শুক্রবার সকালে শুভেন্দু অধিকারী ও বিজেপি বিধায়কদের বিক্ষোভে উত্তেজনা ছড়ায় বিধানসভা চত্বরে। গত তিন ধরে ওই আম্বেদকর মূর্তির পাদদেশেই ধর্ণায় বসেছিল তৃণমূল কংগ্রেস নেতৃত্ব। বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারীর অভিযোগ, চোরেদের জন্য ওই স্থান অপবিত্র হয়েছে। তাই গঙ্গাজল ধুইয়ে স্থানটি পবিত্র করছেন তারা।

৪২ তম জেলা বইমেলা রামপুরহাটে

দুরন্ত বার্তা, রামপুরহাট, ২ ডিসেম্বর ঃ ৪২ তম জেলা বইমেলা নিয়ে বিশেষ বৈঠক হলো রামপুরহাট প্রশাসনিক ভবনে। সেখানে উপস্থিত ছিলেন বিধান সভার ডেপুটি স্পীকার আশিস বন্দ্যোপাধ্যায়, জেলা শাসক বিধান রায়, জেলা সভাধিপতি কাজল সেখ প্রমুখ। বইমেলা হবে রামপুরহাট হাইস্কুল ময়দানে। শুরু হবে ৪ জানুয়ারি। শেষ হবে ১০ জানুয়ারি। উদ্বোধন করবেন রাজ্যের গ্রন্থাগারমন্ত্রী সিদ্দিকুল্লা চৌধুরী।

অসুস্থ এক বানরকে আগলে শতাধিক বানর

দুরন্ত বার্তা, জলপাইগুড়ি, ২ ডিসেম্বর ঃ অসুস্থ এক বানরকে সঙ্গবদ্ধ ভাবে আগলে রাখলো শতাধিক বানর। আশেপাশে কাউকে দেখলেই হামলা চালাচ্ছে তারা। শনিবার সকাল থেকে এই চিত্র দেখা গেল জলপাইগুড়ি শহরের পিডব্লিউডি মোড় সংলগ্ন করলা সেতুতে। জঙ্গল ছেড়ে শহরে চলে আসা পূর্ণবয়স্ক একটি বানর বিদ্যুৎস্পৃষ্ট হয়ে অসুস্থ হয়ে পড়ে। স্থানীয় মানুষ বানরটিকে উদ্ধার করে পশু হাসপাতালে নিয়ে যান। প্রাথমিক চিকিৎসার পর বানরটিকে বনদপ্তরের হাতে তুলে দেওয়ার জন্য একটি ই-রিকশায় নিয়ে যেতে চাইলে হামলা চালায় একদল বানর। এক পুলিশ কর্মীর ওপরেও হামলা চালায় বানরের দল। করলা নদীর পাড়ে এই নিয়ে রীতিমত হৈ চৈ পড়ে যায়। অসংখ্য বানরের খুনসুটি উপভোগ করছেন উৎসাহী মানুষ। যদিও বানরের হামলা থেকে অসুস্থ বানরটিকে উদ্ধার করার জন্য তৎপরতা দেখা যাচ্ছে স্থানীয় পশুপ্রেমিদের মধ্যে।

প্রতিবাদ মিছিল

দুরন্ত বার্তা, জলপাইগুড়ি, ২ ডিসেম্বর ঃ ১০০ দিনের টাকা ও আবাস যোজনার টাকা আটকে রেখেছে কেন্দ্র এই অভিযোগ তুলে তৃনমুল কংগ্রেসের বিক্ষোভ মিছিল জলপাইগুড়ি সদর ব্লকের পাহাড়পুর গ্রাম পঞ্চায়েতের অধীন বালাপাড়া এলাকায়। জলপাইগুড়ি বিজেপি সাংসদ, শুভেন্দু অধিকারী জানাই ধিক্কার, এই বিক্ষোভ মিছিল থেকে স্লোগান তোলেন তৃণমূল নেতৃত্ব।

বিচারপতি অভিজিত গঙ্গোপাধ্যায়কে মুখ্যমন্ত্রী দেখতে চান অধীর চৌধুরী

এজাজ আহম্মেদ, বহরমপুর, ২ ডিসেম্বর ঃ কলকাতা হাইকোর্টের বিচারপতি অভিজিত গঙ্গোপাধ্যায়কে মুখ্যমন্ত্রী হিসেবে দেখার আবেদন জানালেন প্রদেশ কংগ্রেস সভাপতি অধীররঞ্জন চৌধুরী। এদিন সাংবাদিক বৈঠক চলাকালীন কলকাতা হাইকোর্টের বিচারপতি অভিজিত গঙ্গোপাধ্যায়কে মুখ্যমন্ত্রী দেখতে চান বলে দাবী করলেন প্রদেশ কংগ্রেস সভাপতি অধীর চৌধুরী। তিনি বলেন, রাজ্যের মানুষের আস্থা, বিশ্বাস, ভরসা অর্জন করেছেন বিচারপতি অভিজিত গঙ্গোপাধ্যায়। তাঁকে রাজ্যের মুখ্যমন্ত্রী পদপ্রার্থী করে একটা নির্বাচন হোক। সেই নির্বাচন যদি হয় আমি এই মানুষটাকে ভোট দিতে আগে লাইনে দাঁড়াব। রীতি মতো শোরগোল পড়েছে রাজনৈতিক মহলে। প্রসঙ্গত একটি স্বেচ্ছাসেবী সংগঠনের ক্যান্সার কেয়ার ইউনিটের উদ্বোধনে কলকাতা হাইকোর্টের বিচারপতি অভিজি গাঙ্গুলি। বহরমপুর শহরের সৈদাবাদে এই ক্যান্সার কেয়ার ইউনিটের উদ্বোধন করবেন বিচারপতি অভিজিত গঙ্গোপাধ্যায়। সকালে হাজারদুয়ারী এক্সপ্রেসে এসে বহরমপুর স্টেশনে এসে পৌঁছায়। এরপর সার্কিট হাউসের উদ্দেশ্যে রওনা দেয়। তারপর পর্যটন কেন্দ্র হাজারদুয়ারী ঘুরে দেখার পর বিকেলে সংগঠনের বিভিন্ন প্রকল্পের উদ্বোধন করে পুনরায় বিকেলে কলকাতার উদ্দেশ্যে রওনা দেবেন বলে জানা গিয়েছে। তবে এরই মধ্যে হাইকোর্টের বিচারপতি অভিজিত গঙ্গোপাধ্যায় নিয়ে শোরগোল ফেললেন অধীররঞ্জন চৌধুরী। বিচারপতির জেলা সফরের দিনেই বহরমপুরে সাংবাদিক বৈঠক করেন অধীর বলেন, আমরা চাইব আগামী দিনে এই বাংলায় বিচারপতি অভিজিত গঙ্গোপাধ্যায়কে মুখ্যমন্ত্রীর মুখ করে একটা নির্বাচন হোক। কারণ মানুষ তাঁকে বিশ্বাস করছে। ভরসা করছে। এটা এক নতুন দিগন্ত তৈরি হবে যদি এই সমস্ত ব্যক্তিত্বকে রাজনীতির ময়দানে এনে তাদের রাজ্য পরিচালনার দায়িত্ব দেওয়া হয়।

মিহির বিশ্বাস হামলার প্রতিবাদে বিজেপির বিক্ষোভ

দুরন্ত বার্তা, পশ্চিম মেদিনীপুর, ২ ডিসেম্বর ঃ বিজেপির যুব কর্মী মিহির বিশ্বাসের উপর দুস্কৃতি হামলার প্রতিবাদে পশ্চিম মেদিনীপুর জেলার চন্দ্রকোনারোডে বিজেপি পথে নেমে বিক্ষোভ দেখালো পালিত হল থানা ঘেরাও কর্মসূচিও। এদিন বিজেপির কর্মীদের মধ্যে কর্মসূচি ঘিরে ছিল ঐক্যের সুর। বিজেপির দাবী সামনেই লোকসভা নির্বাচন তাই এই কর্মসূচি পালন কর্মীদের মধ্যে উদ্দীপনা জাগিয়ে তুলবে। তবুও পাত্তা দিতে নারাজ স্থানীয় তৃণমূল কংগ্রেসের অনেকেই। এদিন এক তৃণমূল কংগ্রেস কর্মী বলেন লোকজন নেই ২০-২৫ নিয়ে মিছিল করে প্রতিবাদ দেখিয়ে টিকে থাকার চেষ্টা করছে বিজেপি কাল পাঁচ রাজ্যের ভোটেই হারবে। আর লোকসভা নির্বাচনে তো গো হারা হারবে। যদিও বিজেপি নেতা গৌতম কৌড়ী বলেছেন আমরা থানা ঘেরাও কর্মসূচি পালন করলাম প্রতিটা থানাতেই এই কর্মসূচি চলছে। শুভেন্দু অধিকারীকে বহিস্কার প্রসঙ্গে তিনি জানান তৃণমূল কংগ্রেস গণতন্ত্রে বিশ্বাসী নয়। এদিন বিজেপির এই কর্মসূচি ঘিরে চন্দ্রকোনারোডে পুলিশ প্রশাসন ছিল সতর্ক সজাগ ও নিরাপত্তা ব্যবস্থা ছিল বেশ আঁটোসাঁটো।

'জীবন উৎসব' প্রথম স্বল্প মেয়াদী পলিসি আনল এলআইসি

দুরন্ত বার্তা, বর্ধমান, ২ ডিসেম্বর ঃ এই প্রথম 'জীবন উৎসব' নামে স্বল্প মেয়াদী একটি বীমা পলিসি আনল ভারতীয় জীবন বীমা নিগম। সম্প্রতি বর্ধমানের ডিভিশন অফিসে এই নিয়ে একটি সাংবাদিক বৈঠক করা হয় সংস্থার পক্ষ থেকে। ওই সাংবাদিক বৈঠকে উপস্থিত ছিলেন ভারতীয় জীবন বীমা নিগমের পূর্ব বর্ধমান শাখার সিনিয়র ডিভিশনাল ম্যানেজার রীতাঞ্জলি প্যাটেল, মার্কেটিং ম্যানেজার তাপস কুমার শীল, ম্যানেজার সেলস সুবীর কুমার মন্ডল, প্রোডাকশন ম্যানেজার সুজয় সরকার এবং মার্কেটিং বিভাগের অফিসার অসীম দত্ত। এদিন এস ডি এম রীতাঞ্জলি প্যাটেল জানান, এর আগে কোন ভারতীয় বীমায় স্বল্প মেয়াদী বীমা ছিল না, কিন্তু এর চাহিদা থাকায় ভারতীয় জীবন বিমা নিগম বুধবার থেকে 'জীবন উৎসব' নামে (৫ থেকে ১৬ বছর) একটি স্বল্প মেয়াদী পলিসি চালু করেছে। এই পলিসির বেশ কয়েকটি আকর্ষনীয় ফিচার আছে যার মধ্যে আজীবন গ্যারান্টিড জীবন বীমার সুবিধা সহ নিশ্চিত আয়, ২ থেকে ৫ বছরের প্রিমিয়াম হলিডে, বার্ষিক শতকরা ৫.৫ হারে চক্রবৃদ্ধি সূদ সহ আয়ের টাকা বিলম্বে নেবার বিকল্প সুবিধা, প্রয়োজনে বিলম্বিত আয় তুলে নেওয়ার সুবিধা, ঋণের মাধ্যমে টাকা তোলার সুবিধা, একাধিক রাইডার এবং উচ্চ বীমা রাশির জন্য প্রিমিয়ামে আকর্যনীয় ছাত্রের সুবিধা। মাত্র ৯০ দিনের শিশু থেকে ৬৫ বছর বয়স্ক মানুষ এই পলিসি করতে পারবে। প্রতি হাজার টাকা বীমা রাশিতে ৪০ টাকা গ্যারান্টিড আয় পাওয়া যাবে প্রিমিয়াম প্রদানের মেয়াদ পর্যন্ত। প্রথম দিনেই ভারতের বাজারে এই স্বল্প মেয়াদী পলিসিটি ব্যাপক সা।। ফেলেছে বলে জানা গেছে। ২৯ নভেম্বর এই নতুন পলিসির সূচনার দিনই দেশ জুড়ে ২২ হাজার পলিসি বিক্রয় হয়েছে বলে এল আই সি সূত্রে জানা গেছে।

৫০ তম নন্দনমেলা উপলক্ষ্যে সেজে উঠল কলাভবন

দুরন্ত বার্তা, বোলপুর, ২ ডিসেম্বর ঃ আধুনিক চিত্রশিল্পের পথিকৃত, প্রতি উসবে তাঁর হাতেই সেজে উঠত শান্তিনিকেতন। বিশ্বকবির প্রিয় নন্দলাল বসুর শিল্পবোধ দেশেই থেমে থাকেনি, তাঁর খ্যাতি পৌঁছেছিল বিদেশের মাটিতেও। ভারতের সর্বোচ্চ চার বেসামরিক পদক ভারতরত্ন, পদ্মবিভূষণ, পদ্মভূষণ ও পদ্মশ্রীর নকশা একেছিলেন কিংবদন্তি শিল্পী। ভারতের সংবিধানের মূল পাণ্ডুলিপিও নন্দলাল বসু ও তাঁর ছাত্র রামমনোহর সিংহের হাতে আঁকা। শিল্পাচার্যকে স্মরণ করতেই তাঁর সাধের কলাভবনে আয়োজন করা হয় নন্দনমেলার। চলতি বছরে ৫০ তম বর্ষে পা দিয়েছে নন্দনমেলা। অর্ধ-শতবর্ষে পা দেওয়ায় বেড়েছে অঙ্গসজ্জা। বিশ্বভারতীর প্রয়াত উপাচার্যের জন্মদিনকে স্মরণে রাখতে প্রতি বছর ১ ও ২ ডিসেম্বর কলাভবন চত্বরে বসে তাঁর নামানুসারে এই 'নন্দনমেলা'। দু'দিন চলে এই শিল্পমেলা। সারা বছর পড়ুয়াদের হাতে তৈরি শিল্প সামগ্রী মেলায় প্রদর্শিত হয় ও বিক্রি হয়। কলাভবনের ছ'টি বিভাগ সেরামিক, গ্রাফিক্স, টেক্সস্টাইল, স্কাল্পচার, পেন্টিং, হিস্ট্রি অফ আর্টের স্টল রয়েছে। এছাড়া রয়েছে প্রাক্তনীদের স্টল, খাবারের স্টলের পাশাপাশি শিল্পকলার উপর লেখা বইয়ের স্টলও। কলাভবন চত্বরে এই মেলায় পড়ুয়া, শিল্পীদের পাশাপাশি রয়েছে বিদেশিদের ভিড়ও।

বছরের পর বছর ধরে গুদামে পড়ে নষ্ট হচ্ছে কয়েকশো বস্তা জৈব সার, ক্ষোভ চাষিদের

দুরন্ত বার্তা, বাঁকুড়া, ২ ডিসেম্বর ঃ বাঁকুড়া জেলায় আলু বসানোর ভরা মরসুম এখন। এ মরসুমে চাহিদার তুলনায় সারের জোগান কম থাকে। আর দাবি, এই মরসুমেই জেলার বিভিন্ন প্রান্তে শুরু হয়েছে সারের ব্যাপক কালোবাজারি। বাজারে যখন এমন পরিস্থিতি, তখন পঞ্চায়েতের গুদামে ৪ বছর ধরে পড়ে পড়ে নষ্ট হচ্ছে সরকারিভাবে সরবরাহ করা শতাধিক বস্তা জৈব সার। ঘটনা বাঁকুড়ার বড়জোড়া ব্লকের বৃন্দাবনপুর গ্রাম পঞ্চায়েতের। ঘটনা খতিয়ে দেখার আশ্বাস দিয়েছে বাঁকুড়া জেলা পরিষদ। বাঁকুড়া জেলার বড়জোড়া ব্লকের বৃন্দাবনপুর পঞ্চায়েত এলাকায় ব্যাপক হারে আলু চাষ হয়। আর চাষিদের দাবি, প্রায় প্রতি বছরই আলু বসানোর এই মরসুমে তাঁদের পড়তে হয় সারের কালোবাজারির মুখে। কালোবাজারে চড়া দরে রাসায়নিক ও জৈব সার কিনে তবে আলু বসানোর কাজ করতে পারেন কৃষকেরা। এ বছরও এর অন্যথা হয়নি বলে অভিযোগ। আলু বসানোর মরসুমে এক বস্তা সার জোগাড় করতে এলাকার চাষিদের ঘাম ছুটছে। আর এই যখন অবস্থা তখন পঞ্চায়েতের গুদামে বছরের পর বছর ধরে পড়ে থেকে নষ্ট হচ্ছে প্রায় শতাধিক বস্তা জৈব সার। সরকারি ভাবে সরবরাহ করা ওই সার চাষিদের মধ্যে বিতরণের জন্য বারবার আবেদন জানিয়েছেন স্থানীয় চাষিরা। কিন্তু চাষিদের আবেদনে কর্ণপাত না করার অভিযোগ উঠেছে গ্রাম পঞ্চায়েতের বিরুদ্ধে। ক্ষুব্ধ চাষিদের দাবি, পঞ্চায়েতের আগের বোর্ডের হয়তো ইচ্ছা ছিল ওই বিপুল পরিমাণ সার জমিয়ে রেখে পরে তা পাচার করার। বোর্ড বদল হওয়ায় তা আর সম্ভব হয়নি। বর্তমানে বিজেপি পরিচালিত পঞ্চায়েত কর্তৃপক্ষের দাবি, নতুন বোর্ড গঠনের পরে ওই সার নিয়ে কী করা হবে, তা নিয়ে বারেবারে প্রশাসনের কাছে জানতে চাওয়া হয়েছে। কিন্তু প্রশাসন সেই ব্যাপারে কিছু জানাতে পারেনি। এদিকে ওই সার একশো দিনের কাজের প্রকল্পের জন্য বরাদ্দ থাকায় কৃষকদের মধ্যে বিতরণ করাও সম্ভব হয়নি। তবে বাঁকুড়া জেলা পরিষদ গোটা ঘটনা খতিয়ে দেখে প্রয়োজনীয় পদক্ষেপ করার আশ্বাস দিয়েছে।

শুরু হচ্ছে শিলিগুড়ি- কোচবিহার- বালুরঘাটের মধ্যে রাতে সরকারি বাস পরিষেবা, জানালেন পার্থপ্রতিম রায়

দুরন্ত বার্তা, বালুরঘাট, ২ ডিসেম্বর ঃ উত্তরবঙ্গ রাষ্ট্রীয় পরিবহন সংস্থা বালুরঘাট- শিলিগুড়ি ও বালুরঘাট- কোচবিহার রাত্রিকালীন বাস পরিষেবা চালু করতে চলেছে। এই দুই শহরে রাত্রিকালীন সরকারি বাস পরিষেবা নেই। বেশ কিছু নতুন বাস আসছে সংস্থার হাতে। তারপরই এই বাস পরিষেবা চালু হবে। শনিবার বালুরঘাটে সরকারি বাস ডিপো পরিদর্শনে এসে এমনটাই জানালেন উত্তরবঙ্গ রাষ্ট্রীয় পরিবহন সংস্থা চেয়ারম্যান পার্থপ্রতিম রায়। বর্তমানে বালুরঘাট থেকে শিলিগুড়ি ও কোচবিহার রুটে রাতে সরকারি বাস চলে না। এবার ওই রুটে রাত্রীকালীন বাস চালু করার উদ্যোগ নিচ্ছে উত্তরবঙ্গ রাষ্ট্রীয় পরিবহণ সংস্থা। শিলিগুড়ি ও কোচবিহার রুটে বালুরঘাট থেকে রাত্রীকালীন এসি বাস দেওয়া হবে। শনিবার বালুরঘাটে সরকারি বাস ডিপো পরিদর্শনে এসে এমনটাই জানালেন ওই সংস্থার চেয়ারম্যান পার্থপ্রতিম রায়। শুক্রবার দক্ষিণ দিনাজপুর জেলায় আসেন পার্থ প্রতিম রায়। বোল্লা রক্ষাকালী মায়ের কাছে পুজো দেন। এরপর আজ বালুরঘাটে সরকারি বাস ডিপো ঘুরে দেখার পাশাপাশি কর্মীদের সঙ্গে কথা বলেন তিনি। তাদের সমস্যার কথা শোনেন। শুধু নতুন বাস নয়, বালুরঘাট স্টেট বাস টার্মিনাসকেও নতুন করে সাজানোর উদ্যোগ নেওয়া হচ্ছে। ফ্লোর ও নতুন বিল্ডিং করে নবরূপে সাজানো হবে বলে জানা গিয়েছে। অন্যদিকে, গৌড়বঙ্গের পর্যটন কেন্দ্র নিয়ে বিশেষ বাস চালুর চিন্তাভাবনা করছে সংস্থা।

অবৈধ ভাবে নদীর চর থেকে বালি চুরি করার সময় হাতেনাতে পাকড়াও

দুরন্ত বার্তা, দক্ষিণ ২৪ পরগণা, ২ ডিসেম্বর ঃ দিনের পর দিন প্রশাসনের নিয়মকে কার্যত বুড়ো আঙ্গুল দেখিয়ে রমরমিয়ে চলছে অবৈধ বালি কারবার। এবার প্রশাসনিক তৎপরতায় বালি পাচার করার সময় একটি ভুটভুটিকে হাতেনাতে ধরে ফেলো প্রশাসনের আধিকারিকেরা। বাজেয়াপ্ত করা হলো ওই বালি ভর্তি ভুটভুটি টিকে। এমনই ঘটনা ঘটেছে নামখানা ব্লকের নাদাভাঙা এলাকাতে। স্থানীয় সূত্রে জানা যায়, বেশ কয়েকদিন ধরে নামখানা ও কাকদ্বীপ ব্লকের বিভিন্ন নদী ও সমুদ্রে চড় থেকে অবাধে বালি কেটে বিক্রি করে দিচ্ছে কিছু অসাধু ব্যবসায়ীরা। ফুলে ফেঁপে উঠছে কাকদ্বীপের ও নামখানা ব্লকের সাদা বালির কারবার। এবার প্রশাসনের তৎপরতায় বালি ভর্তি ভুটভুটিকে আটক করল প্রশাসনের আধিকারিকেরা। পুলিশ সূত্রে জানা যায়, শনিবার নামখানা ব্লকের মুড়িগঙ্গা নদীর চর থেকে একটি ভুটভুটি অবৈধ বালি কেটে এনে নামখানা নাদাভাঙ্গা এলাকায় এনে মজুত করছিল। সেই খবর গোপন সূত্রে পাওয়ার পর নামখানার ভূমি ও ভূমি রাজস্ব দফ দপ্তরের আধিকারিকেরা ও কাকদ্বীপ থানার আইসি শিবু ঘোষের নেতৃত্বে একটি বিশাল পুলিশ বাহিনী ওই ঘটনার স্থলে পৌঁছায় এবং হাতেনাতে পাকড়াও করে। এ বিষয়ে নামখানা ব্লকের ভূমি ও রাজস্ব দপ্তরের আধিকারিক মনোজ চক্রবর্তী বলেন, দিনের পর দিন বিভিন্ন নদী ও সমুদ্রের চড় থেকে অবাধে বালি পাচার করে যাচ্ছিল অবৈধ কারবারিরা। আমরা গোপন সূত্রে খবর পাই যে একটি ছোট ভুটভুটি করে মুড়িগঙ্গা নদীর চড় থেকে অবাধে বালি কেটে নদীর তীরে এনে মজুত করছিল কিছু শ্রমিকেরা। এরপর পুলিশ প্রশাসনের সহযোগিতায় আমরা ওই এলাকায় পৌঁছায় এবং সেখানে গিয়ে দেখি একটি ছোট ভুটভুটি করে মুড়িগঙ্গা নদীর চর থেকে বালি কেটে এনে নদীর তীরে জড়ো করা হচ্ছে। এরপর আমরা ওই ভুটভুটিটিকে বাজেয়াপ্ত করি, এর পাশাপাশি ওই ভুটভুটির মালিক কে সতর্কীকরণের পাশাপাশি মোটা অঙ্কের টাকা জরিমানা করা হয়। আমরা এই অবৈধ বালি কারবার রুখতে ইতিমধ্যেই জেলা প্রশাসনের আধিকারিকদের সঙ্গে কথা বলেছি। অবৈধ বলি কারবারীদের বিরুদ্ধে জেলা প্রশাসনের পক্ষ থেকে পরবর্তীকালে আরও কড়া পদক্ষেপ নেওয়া হবে।

তৃণমূলের প্রতিবাদ সভা জেলা জুড়ে

সুজিত দত্ত, বর্ধমান, ২ ডিসেম্বর ঃ ১০০ দিনের কাজের বকেয়া টাকা মিটিয়ে দেবার দাবী জানিয়ে এবং বিজেপির বিরুদ্ধে বিধানসভায় জাতীয় সঙ্গীত অবমাননা সহ আসদিবাসীদের অপমান করার অভিযোগ তুলে পূর্ব বর্ধমান জেলার বিভিন্ন জায়গায় প্রতিবাদ সভার আয়োজন করা হল তৃণমূলের পক্ষ থেকে। এদিন কালনার নন্দাই গ্রামে এক প্রতিবাদ মিছিল ও সভার আয়োজন করা হয় রাজ্যের মন্ত্রী তথা বিধায়ক স্বপন দেবনাথের নেতৃত্বে। এছাড়া পূর্ব বর্ধমান জেলা তৃণমূলের উদ্যোগে এদিন দুপুরে একটি প্রতিবাদ সভার আয়োজন করা হয় বর্ধমানের কার্জনগেট চত্বরে। উপস্থিত ছিলেন জেলা তৃণমূলের সভাপতি তথা কাটোয়ার বিধায়ক রবীন্দ্রনাথ চট্টোপাধ্যায়, সাংসদ সুনীল মন্ডল, বর্ধমান দক্ষিনের বিধায়ক খোকন দাস, বর্ধমান শহর তৃণমূলের সভাপতি তন্ময় সিংহ রায় সহ উজ্জ্বল প্রামাণিক, দেবু টুডু, বাগবুল ইসলাম, আজিজুর রহমান, ছাত্র সভাপতি স্বরাজ ঘোষ সহ অন্যান্য নেতৃবৃন্দ। একই ইস্যুতে জামালপুরের ১৩ টি অঞ্চলের প্রতিটি বুথে বিক্ষোভ মিছিলের আয়োজন করা হয়। বিভিন্ন মিছিলে নেতৃত্ব দেন জামালপুরের বিধায়ক অলক কুমার মাঝি, তৃণমূলের ব্লক সভাপতি মেহেমুদ খান, পঞ্চায়েত সমিতির সহ সভাপতি ভূতনাথ মালিক সহ সমস্ত শাখা সংগঠনের নেতৃত্বরা। এই প্রতিবাদ মিছিলে স্বতস্ফূর্ত ভাবে মানুষ পা মেলান।

মেকানাইজড লন্ড্রি, এক রোগী প্রথা চালু হচ্ছে উত্তরবঙ্গ মেডিকেল কলেজ হাসপাতালে ঘোষণা গৌতম দেবের

দুরন্ত বার্তা, শিলিগুড়ি, ২ ডিসেম্বর ঃ এক রোগী, মেকানাইজড লন্ড্রি প্রথা চালু হচ্ছে উত্তরবঙ্গ মেডিকেল কলেজ হাসপাতালে। শনিবার রোগী কল্যান সমিতির বৈঠকে একথা জানিয়েছেন চেয়ারম্যান গৌতম দেব। এদিন তিনি জানিয়েছেন, এখন থেকে হাসপাতালে চিকিৎসার জন্য রোগী এলে তাঁকে পরিস্কার পরিচ্ছন্ন পোশাক, বিছানার চাদর দেওয়া হবে। ওই রোগীর ছুটি হয়ে গেলে তার শয্যার চাদর, মশারি, পোশাক উত্তরবঙ্গ মেডিকেলের মেকানাইজড লন্ড্রিতে পাঠানো হবে। সেখান থেকে সেই পোশাক পরিস্কার করে ইস্তিরি করে আবার হাসপাতালে চলে আসবে। সেই সাফসুতরো পোশাক দেওয়া হবে নতুন রোগীকে। এরফলে স্বাস্থ্যসম্মত চিকিৎসা পরিষেবা পাবেন রোগীরা। এছাড়া হাসপাতালের চিকিৎসক, নার্সদের আবাসন মেরামত, হাসপাতালের বহির্বিভাগ সংস্কার সহ বেশ কিছু উন্নয়নমূলক কাজ হাতে নেওয়া হয়েছে। জানা গিয়েছে, হাসপাতালে চিকিৎসাধীন রোগীদের পোশাক, শয্যার চাদর সহ অন্যান্য সমস্ত কাপড় হাতে পরিস্কার করার দিন ফুরোচ্ছে। এখন থেকে মেশিনেই সমস্ত কিছু পরিস্কার হয়ে যাবে। উত্তরবঙ্গ মেডিকেল কলেজ, ও হাসপাতালে এই পরিষেবা চালু হচ্ছে। আগামী ১২ ডিসেম্বর মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায় এই মেকানাইজড লন্ড্রির উদ্বোধন করবেন। শুধু উত্তরবঙ্গ মেডিকেলেই নয়, এই মেকানাইজড লন্ড্রিতে দার্জিলিং জেলার পাশাপাশি উত্তরবঙ্গের মোট পাঁচ জেলার ১৬ টি হাসপাতালের কাপড় পরিস্কার করা হবে। এই পরিষেবা দেওয়ার জন্য বেসরকারি সংস্থাকে দায়িত্ব দিয়েছে রাজ্য স্বাস্থ্য দপ্তর। শুক্রবার স্বাস্থ্য ভবন থেকে এক বিজ্ঞপ্তি দিয়ে এই কথা ঘোষণা করা হয়েছে। সরকারি বিজ্ঞপ্তি অনুযায়ী, ৫ ডিসেম্বর থেকে এই পরিষেবা চালুর কথা বলা হয়েছে। তবে, মুখ্যমন্ত্রী ১২ ডিসেম্বর শিলিগুড়ির সরকারি পরিষেবা প্রদান অনুষ্ঠান মঞ্চ থেকে এর উদ্বোধন করবেন বলে জানা গিয়েছে।

খারিফ মরশুমে কৃষকদের কাছ থেকে ন্যূনতম সহায়ক মূল্যে ৪০ হাজার মেট্রিকটন ধান ক্রয় করবে ত্রিপুরা সরকার

আগরতলা, ২ ডিসেম্বর ঃ ত্রিপুরার ৪৯ টি ধান ক্রয় কেন্দ্র থেকে এই ধান ক্রয় করা হবে। ১১ ডিসেম্বর সিপাহীজলা জেলার মেলাঘরের একটি ধান ক্রয় কেন্দ্র থেকে কৃষকদের কাছ থেকে ন্যূনতম সহায়ক মূল্যে ধান ক্রয়ের সূচনা হবে। আগামী ৩১ জানুয়ারি, ২০২৪-এর মধ্যে ধান ক্রয় করার প্রক্রিয়া সম্পন্ন করার লক্ষ্যমাত্রা নেওয়া হয়েছে। শনিবার সচিবালয়ের কৃষি ও কৃষক কল্যাণ দপ্তর এবং খাদ্য, জনসংভরণ ও ক্রেতাস্বার্থ বিষয়ক দপ্তর আয়োজিত যৌথ সাংবাদিক সম্মেলনে খাদ্যমন্ত্রী সুশান্ত চৌধুরী এ সংবাদ জানান। সাংবাদিক সম্মেলনে খাদ্যমন্ত্রী জানান, আগামী এই বিষয়ে কৃষিমন্ত্রী রতনলাল নাথের সভাপতিত্বে শনিবার রাজ্যের বিভিন্ন মহকুমার মহকুমাশাসক, ৮টি জেলার কৃষি আধিকারিক সহ খাদ্য দপ্তরের বিভিন্ন স্তরের আধিকারিকদের সাথে ভার্চুয়াল সভা অনুষ্ঠিত হয়। খাদ্যমন্ত্রী জানান, ২০১৮ সালে রাজ্যে বর্তমান সরকার প্রতিষ্ঠিত হওয়ার পর থেকে বছরে ২ বার করে ধান ক্রয় করা হচ্ছে। সেই ধারাবাহিকতা বজায় রেখে রাজ্য সরকাররাজ্যের কৃষকদের কাছ থেকে এবারের খারিফ মরশুমে ৪০ হাজার মেট্রিকটন ধান ক্রয় করার সিদ্ধান্ত নিয়েছে। প্রতি কেজি ধান ২১ টাকা ৮৩ পয়সা দরে ক্রয় করা হবে। সাংবাদিক সম্মেলনে কৃষিমন্ত্রী রতনলাল নাথ জানান, রাজ্যের কৃষকদের আয় দ্বিগুণ করার লক্ষ্যে ২০১৮ সাল থেকে রাজ্য সরকার কৃষকদের কাছ থেকে ন্যূনতম সহায়ক মূল্যে ধান ক্রয় করা শুরু করে। কৃষকদের কৃষি কাজে উৎসাহিত করার পাশাপাশি তারা যেন উৎপাদিত ফসলের নায্য মূল্য পান সেজন্য এই উদ্যোগ নেওয়া হয়। প্রসঙ্গত, ২০১৮-১৯ সাল থেকে ২০২২-২৩ সাল পর্যন্ত রাজ্যের ৯১ হাজার ৩৭৭ জন কৃষকের কাছ থেকে ন্যূনতম সহায়ক মূল্যে ১ লক্ষ ৭৯ হাজার ২১৯ মেট্রিকটন ধান ক্রয় করা হয়েছে। এর ফলে কৃষকরা ৩৪২ কোটি ৩৪ লক্ষ টাকা পেয়েছেন।

Bighati Gram Panchayat
Dhitara, Saradapally, Bhadreswar, Hooghly

Notice Inviting e-Tender

e-Tenders is invited from the resourceful and experienced bidders for execution of different development work(s) under GP area vide **NIT No.: 311/2023 (Sl.-1), Date: 01.12.2023 and 312/2023 (Sl.-1), Date: 01.12.2023.** Documents Download & Bid Submission Start Date (Online): **02.12.2023 at 11:00 AM.** Bid Submission Closing Date (Online): **09.12.2023 up to 05:00 PM.** Date of Opening of Technical & Financial Bid: **11.12.2023 & 12.12.2023 at 10:00 AM respectively.** For details visit www.wbtenders.gov.in & undersigned GP Office.

Sd/-
Prodhan
Bighati Gram Panchayat

ICHHAPUR-I GRAM PANCHAYAT
Vill+PO-Gaighata, Block: Gaighata
Dist: North 24 Parganas
CORRIGENDUM

Due to server problem of www.wbtender.gov.in portal last few days. NIT No. (1) Icha-I/227/2023-24, (2) Icha-I/228/2023-24, (3) Icha-I/229/2023-24 minimum bid not submitted. Hence bid submission end date & technical & financial bid opening date has been revised. Bid submission end date 08/12/2023. Bid Opening Date (Financial) 12/12/2023.

Sd/- Prodhan
Ichhapur-I Gram Panchayat

ABRIDGED TENDER NOTICE

NIT.NO.- 170/EO/HLD/2023-24 Memo No.1017 Dated 02.12.2023 & NIT.NO.- 171/EO/HLD/2023-24 Memo No.1018 Dated 02.12.2023 the Executive Officer,Haldia Panchayat Samity invites tender from qualified bidders **OF 2 NOS works under Haldia Panchayat Samity from the fund of 15 th CFC fund.** details may be accessed and dully responded through **htt://www.wbtenders.gov.in** from **04.12.2023 at 10.00 Hours to 13.12.2023 at 09.00 Hours.**

Sd/- Executive Officer,
Haldia Panchayat Samity

DESTINY LOGISTICS & INFRA LIMITED
CIN: L63090WB2011PLC165520
Registered Office: 375, Dakshindari Road, Kolkata, Parganas North, WB 700048, India
Tel: +033-40087463, E-Mail id: cs@destinyinfra.in, Website: www.destinyinfra.in

NOTICE OF POSTAL BALLOT

Members are hereby informed that pursuant to Section 108 and Section 110 of the Companies Act, 2013, read with the Companies (Management and Administration) Rules, 2014, Regulation 44 of the Securities and Exchange Board of India (Listing Obligations and Disclosure Requirements) Regulations, 2015, and other applicable provisions of the Acts, Rules, Regulations, Circulars and Notifications issued thereunder (including any statutory modifications or re-enactment thereof for the time being in force and as amended from time to time), the Company has:

- on Saturday, 02nd December, 2023, sent an e-mail through Cameo Corporate Services Limited, Registrar and Share Transfer Agents (RTA) of the Company, along with the Postal Ballot Notice to the Members for e-voting who have registered their e-mail ID's with Depository Participant(s) or with the Company;

for seeking approval of Members of the Company for increase in Authorised Share Capital of the Company on account of fund raising through the proposed Rights Issue of Equity Shares and for alteration of Capital Clause of Memorandum of Association of the Company, as detailed in the Postal Ballot Notice dated 30th November, 2023.

The Board of Directors of the Company has appointed Mrs. Ankita Dey (Membership No. ACS - 62192 & CP No. - 23218), of M/s. Ankita Dey & Associates, Practicing Company Secretaries as scrutinizer (hereinafter referred as the "**Scrutinizer**") for conducting the Postal Ballot and e-voting process in a fair and transparent manner.

Members have an option only to vote through electronic mode. For this purpose, the Company has engaged CDSL as the agency for facilitating remote e-voting to enable the Members to cast their votes electronically ("remote e-voting"). The detailed procedure for e-voting is enumerated in the Notes to the Postal Ballot Notice. Members are requested to note that the voting, through electronic mode shall commence from Tuesday, 05th December, 2023 at 9.00 A.M. (IST) and ends on Wednesday, 03rd January, 2024 at 5.00 P.M. (IST).

Any response received after this date shall not be counted and will be treated as if the same have not been received.

The voting rights of Members shall be reckoned as on Friday, 01st December, 2023 which is the cut-off date. A person who is not a Member as on the cut-off date should treat the Notice of Postal Ballot for information purpose only. The copy of the Postal Ballot Notice is available on the website of the Company i.e., www.destinyinfra.in, and on the website of CDSL i.e., https://www.cdslindia.com/ .

If you have any queries or issues regarding e-Voting from the e-Voting System, you may refer the Frequently Asked Questions ("FAQs") and e-voting manual available at www.evotingindia.com, under help section or write an email to helpdesk.evoting@cdslindia.com or or contact at toll free no. 1800 22 55 33

The results of the remote e-voting will be announced not later than two working days of the closure of the e-voting i.e., on or before Friday, 05th January, 2024, at the registered office of the Company and will be intimated/communicated to NSE Limited (the "**NSE**") where the equity shares of the Company are listed. The results of the postal ballot will also be displayed on the Company's website i.e., www.destinyinfra.in.

For Destiny Logistics & Infra Limited
Sd/-
Mrs. Rekha Bhagat
Managing Director

Place: Kolkata
Date: 02nd December, 2023